# অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ
# এবং
# আদিবাসী উন্নয়ন বিভাগ
## পশ্চিমবঙ্গ সরকার

## স্কুল পড়ুয়াদের জন্য বৃত্তির সুবিধা

**পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ এবং আদিবাসী উন্নয়ন বিভাগ লেখাপড়ায় উৎসাহদানের উদ্দেশ্যে তপশিলী জাতিভুক্ত, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণির ছাত্র-ছাত্রীদের পঞ্চম শ্রেণি থেকে উচ্চশিক্ষা পর্যন্ত বৃত্তি প্রদান করে।**

**শিক্ষাশ্রী ঃ** পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে পাঠরত তপশিলী জাতিভুক্ত ও আদিবাসী ছাত্র-ছাত্রীরা বার্ষিক ৮০০ টাকা বৃত্তি পাবেন।

**মেধাশ্রী ঃ** পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে পাঠরত অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্রছাত্রীরা বার্ষিক ৮০০ টাকা বৃত্তি পাবেন।

**প্রী-ম্যাট্রিক স্কলারশিপ ঃ** নবম ও দশম শ্রেণিতে পাঠরত তপশিলী জাতিভুক্ত, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্রছাত্রীরা বার্ষিক ২,২৫০ টাকা থেকে সর্বোচ্চ ৮,০০০ টাকা অবধি বৃত্তি পেতে পারেন।

**পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ ঃ** একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরত অথবা তারপর উচ্চশিক্ষায় রত তপশিলী জাতিভুক্ত, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্রছাত্রীরা পাঠক্রম অনুযায়ী বার্ষিক ২,৩০০ টাকা থেকে সর্বোচ্চ ২০,০০০ টাকা অবধি বৃত্তি পেতে পারেন।

**প্রয়োজনীয় যোগ্যতা ঃ** পারিবারিক বার্ষিক আয় ২,৫০,০০০ টাকার মধ্যে হতে হবে এবং আধার সংযুক্ত ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে। শিক্ষাশ্রী ও মেধাশ্রীর ক্ষেত্রে স্কুল থেকেই অনলাইন আবেদনের সহায়তা করা হবে। অন্যান্য বৃত্তিগুলির জন্য আবেদন করতে হবে এই ঠিকানায় ঃ- www.anagrasarkalyan.gov.in। জাতিগত শংসাপত্র থাকা আবশ্যিক। বৃত্তির অর্থ সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এ দেওয়া হয়।

শ্রেণি, বিভাগ ও পাঠ্যসূচী ভেদে বৃত্তির পরিমাণ পরের পৃষ্ঠায় দেওয়া হলো।

